দৈনিক বাংলা

তারিখ ... 1।9।79
পৃষ্ঠা... ... ... কলাম... ... ...

151

# শ্রেষ্ঠ ছবি: গোলাপী এখন ট্রেনে

(স্টাফ রিপোর্টার)

জাতীয় চলচ্চিত্র পুরস্কার কমিটি এবং জুরী বোর্ডের সুপারিশক্রমে সরকার ১৯৭৮ সালের জাতীয় চলচ্চিত্র পুরস্কার ঘোষণা করেছেন। এতে চলচ্চিত্র নির্মাণের ১৭টি বিভিন্ন ক্ষেত্রে পুরস্কার দেয়া হয়েছে।

পুরস্কারপ্রাপ্তদের মধ্যে রয়েছে: শ্রেষ্ঠ ছবি গোলাপী এখন ট্রেনে; শ্রেষ্ঠ পরিচালক আমজাদ হোসেন (গোলাপী এখন ট্রেনে), শ্রেষ্ঠ অভিনেতা—রাজ্জাক (অশিক্ষিত) ও বুলবুল আহমেদ (বধূ বিদায়); শ্রেষ্ঠ অভিনেত্রী—কবরী (সারেং বউ), শ্রেষ্ঠ পার্শ্ব অভিনেতা—আনোয়ার হোসেন (গোলাপী এখন ট্রেনে); শ্রেষ্ঠ পার্শ্ব অভিনেত্রী—আনোয়ারা (গোলাপী এখন ট্রেনে), শ্রেষ্ঠ সঙ্গীত—আলাউদ্দিন আলী (গোলাপী এখন ট্রেনে); শ্রেষ্ঠ সম্পাদন—নুরুন্নবী (ডুমুরের ফুল), শ্রেষ্ঠ চিত্রনাট্য—আমজাদ হোসেন (গোলাপী এখন ট্রেনে); শ্রেষ্ঠ সংলাপ—আমজাদ হোসেন (গোলাপী এখন ট্রেনে); শ্রেষ্ঠ চিত্রগ্রাহক (সাদা এবং কালো)—অরুণ রায় (বধূ বিদায়), শ্রেষ্ঠ চিত্রগ্রাহক (রঙীন)—রফিকুল বারী চৌধুরী (গোলাপী এখন ট্রেনে); শ্রেষ্ঠ গীতিকার—আমজাদ হোসেন (গোলাপী এখন ট্রেনের হায়রে কপাল মন্দ, চোখ থাকিতে অন্ধ); শ্রেষ্ঠ শিল্প নির্দেশক—মহিউদ্দিন ফারুক (ডুমুরের ফুল); শ্রেষ্ঠ কণ্ঠ গায়ক—সৈয়দ আবদুল হাদী (গোলাপী এখন ট্রেনের আছেন আমার মোক্তার, আছেন আমার ব্যারিস্টার); শ্রেষ্ঠ গায়িকা—সাবিনা ইয়াসমিন (গোলাপী এখন ট্রেনের হায়রে কপাল মন্দ, চোখ থাকিতে অন্ধ; এবং অলংকার ছবির: দুঃখ আমার বাসর রাতের পালংক) এবং শ্রেষ্ঠ শিশু শিল্পী—মাস্টার শাকিল (ডুমুরের ফুল) এবং মাস্টার সুমন (অশিক্ষিত)। এবছরের জন্যে শ্রেষ্ঠ শব্দ সংগ্রাহক হিসেবে কেউ পুরস্কার পাননি। খবর তথ্য বিবরণীর।